গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ইন্দুরকানী, পিরোজপুর।
(দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ)
indurkani.pirojpur.gov.bd

স্মারক নং: ৫১.০১.৭৯৯০.০০০.৪১.০০৫.২৫- ৫৭৫ তারিখ : ০৮-১২-২০২৫ খ্রি.

বিষয় : ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচীর আওতায় উপজেলাওয়ারী ২য় পর্যায় নগদ অর্থ ও খাদ্যশস্য উপ-বরাদ্দ।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর স্মারক নং ৫১.০১.০০০০.০১১.১৪.০০২.২৫-১৫১; তারিখ : ০২-১২-২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলাওয়ারী নগদ অর্থ ও খাদ্যশস্য বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত নগদ অর্থ ও খাদ্যশস্য গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ (সংশোধিত) মোতবেক উপ-বরাদ্দ প্রদান করা হলো। এমতাবস্থায় সরেজমিন যাচাই-বাছাই পূর্বক ইউনিয়ন কমিটির কার্যবিবরণীসহ প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি আগামী ১৪-১২-২০২৫ খ্রি. তারিখের মধ্যে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | বরাদ্দকৃত অর্থ (টাকা) | বরাদ্দকৃত চাল (মে:টন) | বরাদ্দকৃত গম (মে:টন) |
|---|---|---|---|---|
| ০১ | পাড়েরহাট ইউনিয়ন | ৫,৯০,০০০.০০ | ৩.৫০০মে:টন | ৩.৫০০মে:টন |
| ০২ | পত্তাশী ইউনিয়ন | ৪,৩০,০০০.০০ | ২.৫০০মে:টন | ২.৫০০মে:টন |
| ০৩ | বালিপাড়া ইউনিয়ন | ৪,৭০,০০০.০০ | ৩.০০০মে:টন | ৩.০০০মে:টন |
| ০৪ | ইন্দুরকানী সদর ইউনিয়ন | ৫,১০,০০০.০০ | ৩.০০০মে:টন | ৩.০০০মে:টন |
| ০৫ | চন্ডিপুর ইউনিয়ন | ৫,৫০,০০০.০০ | ৩.২৫০মে:টন | ৩.২৫০মে:টন |
| ০৬ | উপজেলা কমিটি রিজার্ভ ২০% | ৬,৬৪,৫৫৭.২৪ | ৩.৯২০মে:টন | ৩.৯২০মে:টন |
| | মোট= | ৩২,১৪,৫৫৭.২৪ | ১৯.১৭০মে:টন | ১৯.১৭০মে:টন |

শর্তাবলী :-

১। এ কর্মসূচির বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন আগামী ৩১/০৩/২০২৬ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে এবং সমাপনান্তে প্রতিবেদন দাখিল করতে হবে।
২। একই অর্থবছরে কোন ইউনিয়নের ০৩টির অধিক গ্রামীণ অবকাঠামো সংস্কার প্রকল্প থাকিলে কমপক্ষে একটি প্রকল্পের চেয়ারম্যান মহিলা (চেয়ারম্যান বা সদস্যের মধ্য হইতে) হইবে।
৩। কোন অবস্থাতেই এক ব্যক্তি ০২ (দুই)টির বেশি গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির প্রকল্প চেয়ারম্যান হইতে পারিবেন না।
৪। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা-নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ (সংশোধিত) যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৫। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ (সংশোধিত) এর-০৩,০৪ ও ০৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৬। প্রকল্প তালিকা দাখিলের সাথে প্রকল্পের পূর্বের অবস্থার বিভিন্ন স্থানের ০৪ (চার) কপি A4 সাইজের ছবি দাখিল করতে হবে। অন্যথায় প্রকল্প তালিকা গ্রহণ করা হবে না।
৭। কাবিখা/কাবিটা প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সর্বনিম্ন ৪.০০০মে:টন চাল, ৫.০০০মে:টন গম অথবা ২,০০,০০০.০০ টাকা বরাদ্দ প্রদান করা যাবে।
৮। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পের আওতায় ব্রীজ/কালভার্ট/অবকাঠামো প্রভৃতির সাথে সম্পৃক্ত কার্যক্রমকে অগ্রাধিকার দিতে হবে।

**বিষয়টি অতীব জরুরি।**

৮/১২/২০২৫
(হাসান মো: হাফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ইন্দুরকানী, পিরোজপুর।
মোবাইল নং ০১৩২১১৩৪০৩২
Email: indurkaniuno@gmail.com

চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান
পাড়েরহাট/পত্তাশী/বালিপাড়া/ইন্দুরকানী সদর/চন্ডিপুর ইউপি
ইন্দুরকানী, পিরোজপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-
০১। জেলা প্রশাসক, পিরোজপুর।
০২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, পিরোজপুর।
০৩। উপজেলা-------------------অফিসার, ইন্দুরকানী, পিরোজপুর।
০৪। অফিস কপি।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ইন্দুরকানী, পিরোজপুর।
(দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ)
indurkani.pirojpur.gov.bd

স্মারক নং: ৫১.০১.৭৯৯০.০০০.৪১.০০৬.২৫-৫৭১ তারিখ : ০৮-১২-২০২৫ খ্রি.

বিষয় : ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় উপজেলাওয়ারী ২য় পর্যায় নগদ অর্থ উপ-বরাদ্দ।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর স্মারক নং ৫১.০১.০০০০.০১২.১৪.০০৪.২৫-১২২; তারিখ : ০২-১২-২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলাওয়ারী ২য় পর্যায় নগদ অর্থ বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত নগদ অর্থ গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ (সংশোধিত) মোতবেক উপ-বরাদ্দ প্রদান করা হলো। এমতাবস্থায় সরেজমিন যাচাই-বাছাই পূর্বক ইউনিয়ন কমিটির কার্যবিবরণীসহ প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি আগামী ১৪-১২-২০২৫ খ্রি. তারিখের মধ্যে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | বরাদ্দকৃত টাকা |
|---|---|---|
| ০১ | পাড়েরহাট ইউনিয়ন | ৪,০০,০০০.০০ |
| ০২ | পত্তাশী ইউনিয়ন | ৩,০০,০০০.০০ |
| ০৩ | বালিপাড়া ইউনিয়ন | ৩,২০,০০০.০০ |
| ০৪ | ইন্দুরকানী সদর ইউনিয়ন | ৩,৫০,০০০.০০ |
| ০৫ | চন্ডিপুর ইউনিয়ন | ৩,৭৫,০০০.০০ |
| ০৬ | উপজেলা কমিটি রিজার্ভ ২০% | ৪,৫৭,৭৪৯.৭৫ |
| | মোট= | ২২,০২,৭৪৯.৭৫ |

শর্তাবলী :-

১। এ কর্মসূচির বিপরীতে প্রকল্প গ্রহণ অনুমোদন ও বাস্তবায়ন আগামী ৩১/০৩/২০২৬ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে এবং সমাপনান্তে প্রতিবেদন দাখিল করতে হবে।
২। কোন অবস্থাতেই এক ব্যক্তি ০৫ (পাঁচ)টির অধিক গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচীর প্রকল্প চেয়ারম্যান হইতে পারিবেন না এবং কোন সরকারী কর্মচারী প্রকল্প কমিটির অন্তর্ভূক্ত থাকিতে পারিবেন না।
৩। কর্মসূচির বিপরীতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ (সংশোধিত) এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৪। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ/মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।
৫। প্রকল্প তালিকা দাখিলের সাথে প্রকল্পের পূর্বের অবস্থার বিভিন্ন স্থানের ০২ (দুই) কপি A4 সাইজের ছবি দাখিল করতে হবে। অন্যথায় প্রকল্প তালিকা গ্রহণ করা হবে না।
৬। টিআর প্রকল্পে সর্বনিম্ন ০২ (দুই) মে:টন চাউল/২.৫০ (দুই দশমিক পাঁচ শুন্য) মে:টন গম বা সমমূল্যের (১,১৬,৭০০.০০) টাকা, সর্বোচ্চ ০৭ (সাত) মে:টন চাউল/১০ (দশ) মে:টন গম অথবা সমমূল্যের নগদ টাকা বরাদ্দ করা যাবে।

**বিষয়টি অতীব জরুরি।**

৮-১২-২০২৫
(হাসান মো: হাফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ইন্দুরকানী, পিরোজপুর।
মোবাইল নং ০১৩২১১৩৪০৩২
Email: indurkaniuno@gmail.com

চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান
পাড়েরহাট/পত্তাশী/বালিপাড়া/ইন্দুরকানী সদর/চন্ডিপুর ইউপি
ইন্দুরকানী, পিরোজপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-
০১। জেলা প্রশাসক, পিরোজপুর।
০২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, পিরোজপুর।
০৩। উপজেলা-------------------অফিসার, ইন্দুরকানী, পিরোজপুর।
০৪। অফিস কপি।

CS CamScanner